ভোরের সংবাদ

তারিখ 19 NOV 1998
পৃষ্ঠা ৫ কলাম ৫

5

# রাজেন্দ্র কলেজ ছাত্র সংসদ নির্বাচন নিয়ে সহিংস ঘটনা

ফরিদপুর, ১৮ই নভেম্বর ( জেলা বার্তা পরিবেশক )।— রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রছাত্রী সংসদ (রুকসু) নির্বাচন নিয়ে ফরিদপুরে সহিংস ঘটনা ঘটেছে।

আজ দুপুরে কলেজের শহর শাখার একদল সন্ত্রাসী কলেজ ক্যাম্পাসে ব্যাপক বোমাবাজি, গোলাগুলি, কলেজ অফিস কক্ষ ভাঙচুরসহ শিক্ষকদের ৩টি মোটরসাইকেল ও কলেজ ক্যান্টিনে অগ্নিসংযোগ করে।

আজ দুপুরে একদল সন্ত্রাসী আগ্নেয়াস্ত্র, রামদা ও লাঠিসোঁটাসহ রাজেন্দ্র কলেজ শহর শাখায় হামলা চালায়। এ সময় ১৫/২০টি বোমা ফাটিয়ে, এরা কলেজ চত্বরে আতংক সৃষ্টি করে। এক পর্যায়ে সন্ত্রাসীরা কলেজ অফিসের সামনে রাখা ৩টি মোটরসাইকেল ও ক্যান্টিনে আগুন ধরিয়ে দেয়। মোটরসাইকেল ৩টি হচ্ছে উদ্ভিদবিদ্যা বিভাগের প্রভাষক আশরাফুল কবীর (ঢাকা-গ-১০৬), সমাজকল্যাণ বিভাগের প্রভাষক কে,এম মঞ্জুর রেজা (যশোর-এ-৬৮২) এবং ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক মোঃ ফারুক আহমেদের (ফরিদপুর-এ-৯১৬)। সন্ত্রাসীরা কলেজ অফিসে হামলা চালিয়ে দুটি টাইপরাইটারসহ আসবাবপত্র ভাঙচুর ও কাগজপত্র তছনছ করে।